দৈনিক বাংলা

তারিখ 25 FEB 1994
পৃষ্ঠা ৪ কলাম ২

59

# ছাত্রদের স্কুল ত্যাগের কারণ খুঁজতে এডিবি অনুদান দেবে

ম্যানিলা, ২৩ ফেব্রুয়ারী (এএফপি)।– এশীয় উন্নয়ন ব্যাংক বাংলাদেশ, ভুটান, বর্মা, নেপাল ও পাকিস্তানের ব্যাপক হারে ছাত্র–ছাত্রীর প্রাথমিক বিদ্যালয় ত্যাগের কারণের ওপর সমীক্ষা চালাতে ৫ লাখ ডলার অনুদান দেবে। ফিলিপিনভিত্তিক এই প্রতিষ্ঠান থেকে বুধবার একথা বলা হয়

ব্যাংকের বিবৃতিতে বলা হয়, সমীক্ষায় প্রাথমিক বিদ্যালয়ে প্রথম শ্রেণীতে ভর্তির পর থেকে শেষ শ্রেণীর লেখাপড়া সমাপ্ত করার আগেই যে ৪০ থেকে ৬০ শতাংশ ছাত্র–ছাত্রী বিদ্যালয় ত্যাগ করে তার জন্য বিদ্যালয়ের কোন কারণ দায়ী না বিদ্যালয় বহির্ভূত কারণ দায়ী তা অনুসন্ধান করবে।

ন্যাশনাল রিসার্চ ইনস্টিটিউশনের দ্বারা পরিচালিত এই সমীক্ষা তত্ত্বাবধানের জন্য এডিবি একটি আন্তর্জাতিক কনসালটিং ফার্মকে মনোনীত করবে।